

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
প্লট-ই-১৩/বি, আগারগাঁও  
শেরে বাংলা নগর, ঢাকা।  
www.ngoab.gov.bd

স্মারক নং-০৩.০৭২৬৬৬৬৬০.৬৬.৩৪১.১৮-

তারিখঃ ০১/০১/২০২০ খ্রিঃ

বিষয় : কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে মানবিক সহায়তাসহ বিভিন্ন কর্মক্রম রোহিঙ্গাদের মধ্য থেকে স্বেচ্ছাসেবক নিয়োগ প্রসঙ্গে।

- সূত্র : ১। এনজিও বিষয়ক ব্যুরোর স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬১.৫১.০১৯.১৭-১০, তারিখ-২৩/০৯/২০১৯ খ্রিঃ ।  
২। পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ১৯.০০.০০০০.২০৪.৩৯.৪৯৩.১৩/১০২৯, তারিখ-২৩/১০/২০১৯ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১নং স্মারকের মাধ্যমে কক্সবাজারে আশ্রয় নেওয়া রোহিঙ্গা নাগরিকদের জন্য কর্মরত দেশি/বিদেশি এনজিওদের কর্মপরিধি (Framework for NGOs) প্রণয়ন করা হয়। উক্ত কর্মপরিধির অনুচ্ছেদ ১১-তে “কোন অবস্থাতেই রোহিঙ্গা নাগরিকদের নিয়োগ করা যাবে না” ও অনুচ্ছেদ ১২-তে “কোন অবস্থাতেই নগদ অর্থ বিতরণের কোন প্রকল্প গ্রহণ করা যাবে না।”- মর্মে সিদ্ধান্ত রয়েছে। এর প্রেক্ষিতে পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) মহোদয় সূত্রস্থ ২নং স্মারকে উক্ত রূপ সিদ্ধান্তের ফলে পরিচ্ছন্নতা, পয়নিষ্কাশন ও বর্জ ব্যবস্থাপনাসহ বিভিন্ন কাজে জটিলতা সৃষ্টি হচ্ছে মর্মে উল্লেখ করে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার এর তত্ত্বাবধানে পূর্বের ন্যয় স্থানীয় জনগোষ্ঠীর পাশাপাশি রোহিঙ্গা জনগোষ্ঠী থেকে স্বেচ্ছাসেবক নিয়োগ অব্যাহত রাখা প্রয়োজন উল্লেখ করে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয় বরাবরে আধা সরকারি পত্র প্রেরণ করেছেন।

২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজারের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও) কে নির্দেশনা প্রদান করা হলো।

কান্ডি ডিরেক্টর/ নির্বাহী প্রধান

.....  
.....  
(সকল এনজিও)

(কে. এম আব্দুস সালাম)

মহাপরিচালক

ফোন : ৫৫০০৭৪০০

ই-মেইল: dg@ngoab.gov.bd

স্মারক নং-০৩.০৭২৬৬৬৬৬০.৬৬.৩৪১.১৮-

তারিখঃ ০১/০১/২০২০ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য :

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার,  
শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজার।
- ৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৬। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো ( তাঁকে পত্রটি ব্যুরোর ওয়েব সাইটে প্রদর্শন করার জন্য বলা হলো )।
- ৭। অফিস কপি

(কে. এম আব্দুস সালাম)

মহাপরিচালক